গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

স্মারক নং: ২৩.২২.০০০০.০০০.০১১.৯৯.০৩০২.২৫-২৮৬

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

**বিষয়: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরসহ ০৩ বছর মেয়াদী 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি' (GPMS) প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে খসড়া কর্মপরিকল্পনা (সেকশন-১) দাখিল।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-২৩.০০.০০০০.২৭০.১৬.০০৪.২৬.১৭৯ তারিখ: ১৬ মার্চ ২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে (২০২৬-২৭, ২০২৭-২০২৮ এবং ২০২৮-২০২৯ অর্থ বছরের) মেয়াদী 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি' (GPMS) এর ওপর খসড়া পরিকল্পনা (সেকশন-১) প্রস্তুত পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৬ পাতা

(শামীম আহম্মেদ)
মহাপরিচালক
ফোন: ৮৭১১৫১০
E-mail: dg@dmlc.gov.bd

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ডি-২৪ শাখা।**

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

# Governance Performance Monitoring System (GPMS)

## সেকশন-১

ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনাপ

### ১.৪.১ ভিশন:

(১) সশস্ত্র বাহিনীসমূহের জন্য সকল ধরনের প্রতিরক্ষা বিভাগীয় ভূমির অধিগ্রহণ, রক্ষণাবেক্ষণ (custody) ও দাবী পরিত্যাগকরণ (relinquishment) সংক্রান্ত বিষয়াদি তত্বাবধান ও নিয়ন্ত্রণ;

(২) সকল সামরিক ভূ-সম্পত্তি সংক্রান্ত প্রশাসনিক ও আর্থিক নিয়ন্ত্রণ;

(৩) সামরিক আবাসিক প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও ব্যবস্থাপনা;

(৪) আধুনিক প্রযুক্তির মাধ্যমে ভূমির রেকর্ডের নিরাপদ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(৫) ক্যান্টনমেন্টসমূহে সংবিধিবদ্ধ স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে প্রয়োজনীয় সেবা প্রদান;

(৬) ক্যান্টনমেন্টে বসবাসরত সামরিক/অসামরিক বাসিন্দাদের পৌর সুবিধাদি প্রদান;

(৭) ক্যান্টনমেন্টে বসবাসরত বাসিন্দাদের সন্তানগণকে মানসম্মত শিক্ষা প্রদানের ব্যবস্থা করা;

(৮) ক্যান্টনমেন্টের বাসিন্দাদের স্বাস্থ্য সুবিধা বৃদ্ধির লক্ষ্যে হাসপাতাল, ডিসপেনসারি ইত্যাদি প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করা;

(৯) পরিবেশ বান্ধব পরিচ্ছন্ন ক্যান্টনমেন্ট নিশ্চিত করণ;

(১০) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহে জনবান্ধব সেবা প্রদানে সুশাসন নিশ্চিত করণ

### ১.৪.২ মিশন:

ক্যান্টনমেন্টসহ প্রতিরক্ষা বিভাগীয় ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করণ ও ক্যান্টনমেন্টে বসবাসরত সামরিক/অসামরিক বাসিন্দাদের মানসম্মত নাগরিক সুবিধাদি প্রদান এবং সেবাদানে সুশাসন নিশ্চিত করণ ।

### ১.৪.৩ ৩ (তিন) বৎসর মেয়াদি পরিকল্পনা:

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ০৩ (তিন) বৎসর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২০২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০১। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন অফিস কর্তৃক নাম জারী সেবা প্রদান | ৬০০ জন | ৬৫০ জন | ৭০০ জন |
| ০২ | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহে বসবাসরত নাগরিকদের নিকট হতে হোল্ডিং ট্যাক্স আদায়করণ | ২৫ কোটি | ২৬ কোটি | ২৮ কোটি |

৩০/৬/২০২৬
শামীমা শরমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস

# সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর

## সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System (GPMS)

## সংযোজনী-২ বিস্তারিত পরিকল্পনা

ক্রমিক ও পরিকল্পনা (সেকশন ১ অনুযায়ী)

| ক্রমিক নং | কার্যক্রম | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২০২৯ |
| ১। | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহে বসবাসরত নাগরিকদের নিকট হতে হোল্ডিং ট্যাক্স আদায়করণ | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহের বসবাসরত নাগরিকদের নিকট হতে ২০২৫-২০২৬ অর্থবছরে ২৫ কোটি টাকা হোল্ডিং ট্যাক্স আদায় করার লক্ষ্য নির্ধারণ করা হয়। | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহের বসবাসরত নাগরিকদের নিকট হতে ২০২৭-২০২৮ অর্থবছরে ২৬ কোটি টাকা টাকা হোল্ডিং ট্যাক্স আদায় করার লক্ষ্য নির্ধারণ করা হয়। | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহের বসবাসরত নাগরিকদের নিকট হতে ২০২৮-২০২৯ অর্থবছরে ২৮ কোটি টাকা টাকা হোল্ডিং ট্যাক্স আদায় করার লক্ষ্য নির্ধারণ করা হয়। |
| ২। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক অফিস কর্তৃক নাম জারী সেবা প্রদান | ২০২৬-২০২৭ অর্থবছরে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক অফিস কর্তৃক আবেদনকারীর আবেদনের ভিত্তিতে ৬০০ টি নামজারি সম্পাদন করত নাগরিকদেরকে সেবা প্রদান করা হবে। | ২০২৭-২০২৮ অর্থবছরে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক অফিস কর্তৃক আবেদনকারীর আবেদনের ভিত্তিতে ৬৫০ টি নামজারি সম্পাদন করত নাগরিকদেরকে সেবা প্রদান করা হবে। | ২০২৯-২০২৯ অর্থবছরে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক অফিস কর্তৃক আবেদনকারীর আবেদনের ভিত্তিতে ৭০০ টি নামজারি সম্পাদন করত নাগরিকদেরকে সেবা প্রদান করা হবে। |

### সেকশন-৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন ও প্রমাণক

| ক্রমিক নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন অফিস কর্তৃক নাম জারী সেবা প্রদান | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর কর্তৃক নামজারী সেবা প্রদানের খাজনা আদায়ের জেনারেল ক্যাশবুক এর ফটোকপি সংযুক্ত করা হলো। |
| ২। | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকাসমূহে বসবাসরত নাগরিকদের নিকট হতে হোল্ডিং ট্যাক্স আদায়করণ | ক্যান্টনমেন্ট বোর্ড হতে নাগরিকদের নিকট হতে হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রতিবেদন সংযুক্ত করা হলো। |

৩০/৬/২০২৬
শামীমা শারমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস